

সংকটে প্রাথমিক শিক্ষা : ব্যাহত পাঠদান

নাদিম হোসাইন মুন্সীগঞ্জ

৩ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২ নভেম্বর ২০১৯ ২৩:৩০



সংকটে প্রাথমিক শিক্ষা : ব্যাহত পাঠদান

সরকার দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোয় শিক্ষক নিয়োগ দিচ্ছে, আবার নতুন করে বেশ কিছু রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে সরকারিকরণ করেছে। তার পরও দেশের অগণিত সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে নানা সমস্যা-সংকটে। এর মধ্যে কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে তীব্র শিক্ষক সংকটে, কিছু প্রাথমিক বিদ্যালয় আছে শ্রেণিকক্ষ সংকটে। আবার কিছু প্রাথমিক বিদ্যালয় আছে, যেগুলোর ভবন অত্যন্ত জরাজীর্ণ-ঝুঁকিপূর্ণ। পরিত্যক্ত ঘোষণার পরও শ্রেণিকক্ষ সংকটের কারণে কর্তৃপক্ষ বাধ্য হয়ে এসব ভবনেই শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। সবচেয়ে উদ্বেগের বিষয় হচ্ছে, সাম্প্রতিক বন্যা ও নদীভাঙনে বিলীন হয়ে গেছে বেশ কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন। এই বিদ্যালয়গুলোর ক্লাস চলছে ছাপড়া ঘরে। এসব কারণে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সমস্যাকবলিত কিছু প্রাথমিক বিদ্যালয় নিয়ে আমাদের এবারের আয়োজন- সংকটে প্রাথমিক শিক্ষা, ব্যাহত পাঠদান